জীবননগর বাসস্ট্যান্ড চত্ত্বরে ইসলামিক ভাস্কর্যের উদ্বোধন

চুয়াডাঙ্গার জীবননগর পৌরসভার বাসস্ট্যান্ড চত্বরে দৃষ্টিনন্দন ইসলামিক ভাস্কর্যের শুভ উদ্বোধন করা হয়েছে। গতকল বৃহস্পতিবার দুপুরে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক জহিরুল ইসলাম।

উদ্বোধন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আল-আমীন হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও পৌর প্রশাসক সৈয়দজাদী মাহবুবা মঞ্জুর মৌনা, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো.মামুন হোসেন বিশ্বাস, উপজেলা কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জাকির উদ্দিন মোড়ল, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আশরাফ হোসেন, সদস্য সচিব সুমন মিয়া সহ প্রমুখ।

উল্লেখ্য জীবননগর পৌর বাসস্ট্যান্ড চত্বরে টাইগার চত্ত্বরটি ভেঙ্গে যাওয়ার পরে জীবননগর বাসি এখানে একটি ইসলামিক ভাস্কর্য নির্মাণের দাবি করেন। জীবননগর পৌরসভার উদ্যোগে ৮ লক্ষ ত্রিশ হাজার ৭শ ৫৮ টাকা ব্যয়ে এই দৃষ্টিনন্দিত ও আকর্ষণীয় ইসলামিক ভাস্কর্য টি নির্মিত হয়।

মেহেরপুরে গ্রাহকদের মাঝে ইসলামিক ব্যাংকের চারা বিতরণ

বৃক্ষের বহুমাত্রিক চাহিদা ও “ বৃক্ষ প্রাণে প্রকৃতি-পরিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে ইসলামিক ব্যাংক বাংলাদেশ লিঃ মেহেরপুর ব্রাঞ্চের উদ্যোগে গ্রাহকদের মাঝে আম্রপালি, লেবু ও পেয়ারার প্রায় ৪ হাজার চারা বিতরণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।